

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
ভেড়ামারা, কুষ্টিয়া।  
E-mail: uaodaebheramara@gmail.com

স্মারক নং- ১০৭(২৪)

তারিখ: ৬/৬/২০২০

বিষয়ঃ চলতি ২০১৯-২০ অর্থ বছরে আসন্ন খরিপ-১/২০২০-২১ মৌসুমে উফশী আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর আওতায় বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের লক্ষ্যে অধাধিকার কৃষক তালিকা অনুমোদন সাপেক্ষে প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৯-২০ অর্থ বছরে আসন্ন খরিপ-১/২০২০-২১ মৌসুমে উফশী আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর আওতায় বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদানের লক্ষ্যে ০৫/০৩/২০২০ খ্রি: তারিখে উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক এই উপজেলায় সরকারী নীতিমালার আলোকে যে সকল ক্ষুদ্র ও প্রান্তিক চাষী বীজ ও সার সহায়তা পাবেন তাদের ইউনিয়ন/পৌরসভা ওয়ারী বিভাজন দেওয়া হলো। যে সমস্ত ক্ষুদ্র ও প্রান্তিক চাষী বীজ ও সার সহায়তার আওতায় আসবেন তাদের নামের তালিকা প্রণয়ন পূর্বক ইউনিয়ন কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদন করে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৬/০৩/২০২০ খ্রি. তারিখের মধ্যে বিনা ব্যর্থতায় প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। কৃষক প্রতি মিনি প্যাকের বামেশা ও ওজন কমে বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচীর আওতায় উপকরণ সহায়তা হিসাবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ০৫ জনের এক একটি গ্রুপ করে প্রতি গ্রুপকে ২ বস্তা ডিএপি ও ১ বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। গ্রুপের চাষীরা প্রতি জনে বিঘা প্রতি ০৫ কেজি বীজ, ২০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার নিজেদের মধ্যে ভাগ করে নিবেন। উল্লেখ্য যে, সব ধরনের কৃষকেরই কৃষি উপকরণ সহায়তা কার্ড থাকতে হবে।

ক্রঃ নং	ইউনিয়ন /পৌরসভার নাম	কৃষক সংখ্যা	উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক মনোনীত কর্মকর্তা
১	বাহাদুরপুর	৩৫	উপজেলা যুব উন্নয়ন অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
২	মোকারিমপুর	৪০	উপজেলা সমবায় অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
৩	বাহিরচর	৩৫	সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
৪	চাঁদছাম	৩৫	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
৫	ধরমপুর	৩৫	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
৬	জুনিয়াদহ	৩৫	প্রকল্প সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার, ভেড়ামারা, কুষ্টিয়া।
৭	পৌরসভা	২০	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
	সর্বমোট	২৩৫	

এমতাবস্থায়, উল্লেখিত ট্যাগ অফিসারগণকে তালিকা প্রণয়ন ও উপকরণ বিতরণ কাজে সঠিকভাবে তদারকি করার জন্য অনুরোধ করা হলো।


প্রাপক,

.....  
.....  
.....

  
(মোঃ শায়খুল ইসলাম)  
উপজেলা কৃষি অফিসার

ও  
সদস্য সচিব


উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি  
ভেড়ামারা, কুষ্টিয়া।

  
তারিখ: ৬/৬/২০২০

স্মারক নং- ১০৭(২৪)/১(৪)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ৪-

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কুষ্টিয়া।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৫। অফিস নথি, অত্র দপ্তর।

  
(মোঃ শায়খুল ইসলাম)  
উপজেলা কৃষি অফিসার  
ভেড়ামারা, কুষ্টিয়া।

